

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৪৩

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮

০৬ এপ্রিল ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৪৬৯/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ দক্ষিণখান থানাধীন দক্ষিণখান আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক হিসেবে গত ০১.০৭.১৯৮৬ তারিখে নিয়োগ প্রাপ্ত হন। পরবর্তীতে প্রধান শিক্ষক হিসেবে বিগত ০১.০২.২০১৪ খ্রি. তারিখ থেকে ৬০ বছর পূর্ণ হওয়ায় (৩১.১২.২০২১) অবসর গ্রহণ করেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১১.১১ ধারা অনুযায়ী প্রতিষ্ঠান পরিচালনা কমিটি উক্ত প্রধান শিক্ষকের চাকুরীর মেয়াদ ০১.০১.২০২২ হতে ৩১.০১২.২০২৬ পর্যন্ত ০৫ (পাঁচ) বছর চুক্তিভিত্তিক বৃদ্ধি করতঃ অনুমোদনের জন্য জেলা শিক্ষা অফিসার, ঢাকা কর্তৃক ১১/০৮/২০২১ খ্রি: তারিখে ১০৪২ সংখ্যক পত্রে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করেন। জেলা শিক্ষা অফিসার এবং তার আবেদনটি অনুমোদন দেয়ার জন্য মহাপরিচালক মহোদয় ২৪/১০/২০২১ খ্রি: তারিখে ২২৫১ সংখ্যক পত্রে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকাকে অনুরোধ করেন।

জনাব এ.কে.এম. ফারুকুজ্জামান এর আবেদন পত্রের প্রেক্ষিতে মহাপরিচালক কার্যালয় ও মন্ত্রণালয় হতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৪৬৯/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০৬.০৩.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 3 is directed to dispose of petitioner’s representation dated 02.02.2022 as evident in (Annexure-E) to the instant writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the instant order.”

২। বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২৪৬৯/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০২.০২.২০২২ তারিখের আবেদন (Annexure-E) অনুযায়ী সরকারী সকল বিধি বিধান অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ কর হলো।

৬-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪


ইমেইল: info@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৪৩/১(৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮
০৬ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব